কৃষি গবেষণা
বাংলাদেশ কৃষি গবেষণা ইনস্টিটিউট
BANGLADESH AGRICULTURAL RESEARCH INSTITUTE

বাংলাদেশ কৃষি গবেষণা ইনস্টিটিউট
ফল গবেষণা কেন্দ্র
বিনোদপুর, রাজশাহী-৬২০৬।

মুজিব শতবর্ষ MUJIB 100

Office Phone : 025-88866346
E.mail: frsinchargebinodpur@gmail.com
www.frs.rajshahidiv.gov.bd

স্মারক নং-১২.২১.৫০৮১.০৫৫.০৬.০০১.২৪. ৪২৩৮ **তারিখ :** ০১/০৪/২০২৪ খ্রি.

লিচু ও আম ফল বিক্রয়ের বিজ্ঞপ্তি

এতদ্বারা সর্বসাধারণের অবগতির জন্য জানানো যাইতেছে যে, ফল গবেষণা কেন্দ্র, বিএআরআই, বিনোদপুর, রাজশাহী-এর ২০২৪ খ্রিঃ সনের চলতি মৌসুম **ব্লক নং -২ এর লাল X চিহ্নিত ১৮টি লিচু গাছ বাদে অবশিষ্ট ৭৯ (উনআশি) টি লিচু গাছের লিচু** (বিক্রয়ের আওতাভুক্ত প্রতিটি গাছে ফল আছে এমন নহে) এবং **ব্লক নং -৪ এর লাল X চিহ্নিত ০৬টি আম গাছ বাদে অবশিষ্ট ৫৪ (চুয়ান্ন)** টি আম গাছের **আমফল** (বিক্রয়ের আওতাভুক্ত প্রতিটি গাছে ফল আছে এমন নহে) ফলকর বিক্রয়ের জন্য আগ্রহী ক্রেতাদের নিকট হইতে নিম্নে বর্ণিত শর্ত ও বিবরণ মোতাবেক নির্ধারিত দরপত্রে পৃথক পৃথক গালাবদ্ধ খামে (খামের উপর আমফল/লিচুফল উল্লেখ করতে হবে) দরপত্র আহবান করা যাইতেছে।

১। সিডিউল/দরপত্র সংগ্রহের স্থান।	ফল গবেষণা কেন্দ্র, বিএআরআই, বিনোদপুর, রাজশাহী।
২। সিডিউলের মূল্য (অফেরতযোগ্য)	৭০০/- (সাতশত) টাকা মাত্র।
৩। জামানত	অগ্রীম জামানত হিসাবে **প্রধান বৈজ্ঞানিক কর্মকর্তা, ফল গবেষণা কেন্দ্র, বিএআরআই, বিনোদপুর, রাজশাহী-** এর অনুকূলে বাংলাদেশের যেকোন বানিজ্যিক ব্যাংক হইতে লিচু ফলের জন্য ২০,০০০/- (বিশ হাজার) টাকা এবং আম ফলের জন্য ২৫,০০০/- (পঁচিশ হাজার) টাকা মাত্র মূল্যের (ফেরত যোগ্য) ব্যাংক ড্রাফট টেন্ডারের সহিত জমা দিতে হইবে। জামানত ব্যতিত কোন টেন্ডার গৃহীত হইবে না।
৪। দরপত্র ক্রয়ের তারিখ ও সময়	০৮/০৪/২০২৪ খ্রিঃ তারিখ হইতে ২২/০৪/২০২৪ খ্রিঃ তারিখ (ছুটির দিন ব্যতীত) অফিস চলাকালীন সময় পর্যন্ত।
৫। দরপত্র গ্রহনের তারিখ ও সময়	০৯/০৪/২০২৪ খ্রিঃ তারিখ হইতে ২২/০৪/২০২৪ খ্রিঃ (ছুটির দিন ব্যতীত) অফিস চলাকালীন সময় এবং ২৩/০৪/২০২৪ খ্রিঃ দুপুর ১২ ঘটিকা পর্যন্ত।
৬। দরপত্র জমাদানের স্থান।	ফল গবেষণা কেন্দ্র, বিএআরআই, বিনোদপুর, রাজশাহী।
৭। দরপত্র খোলার স্থান, তারিখ ও সময়	২৩/০৪/২০২৪ খ্রিঃ বেলা ১২.১৫ ঘটিকার সময় **প্রধান বৈজ্ঞানিক কর্মকর্তা, ফল গবেষণা কেন্দ্র, বিএআরআই, বিনোদপুর, রাজশাহীর** দপ্তরে উপস্থিত দরপত্র দাতাদের সম্মুখে (যদি কেহ উপস্থিত থাকেন) টেন্ডার বাক্স খোলা ও দরপত্র সমূহ যাচাই করা হইবে।

বিশেষ দ্রষ্টব্য ঃ

১। দরপত্র খোলার দিন কোন সিডিউল বিক্রয় করা হইবে না।
২। দরপত্র বাক্স বন্ধ করার পর কোন দরপত্র গ্রহণযোগ্য বলে বিবেচিত হইবে না।
৩। দরপত্র শুধুমাত্র নির্ধারিত টেন্ডার বাক্সেই ফেলিতে হইবে। হাতে বা ডাক যোগে বা অন্য কোন মাধ্যমে দরপত্র গ্রহণ করা হইবে না।

দরপত্রে অংশ গ্রহনে ইচ্ছুক ব্যক্তিগণ নিম্নলিখিত শর্তাবলী মানিয়া চলিতে বাধ্য থাকিবেন ঃ

শর্তাবলী ঃ

০১। দরপত্র সমূহ আগামী ০৯/০৪/২০২৪ খ্রিঃ তারিখ হইতে ২২/০৪/২০২৪ খ্রিঃ পর্যন্ত অফিস চলাকালীন সময় পর্যন্ত (ছুটির দিন ব্যতীত) এবং ২৩/০৪/২০২৪ খ্রিঃ সকাল ৯.০০ ঘটিকা হইতে দুপুর ১২.০০ ঘটিকা পর্যন্ত ফল গবেষণা কেন্দ্র, বিএআরআই, বিনোদপুর, রাজশাহী-এর কার্যালয়ে রক্ষিত টেন্ডার বাক্সে গ্রহণ করা হইবে এবং ২৩/০৪/২০২৪ খ্রিঃ বেলা ১২.১৫ ঘটিকার সময় প্রধান বৈজ্ঞানিক কর্মকর্তা, ফল গবেষণা কেন্দ্র, বিএআরআই, বিনোদপুর, রাজশাহীর দপ্তরে উপস্থিত দরপত্র দাতাদের সম্মুখে (যদি কেহ উপস্থিত থাকেন) টেন্ডার বাক্স খোলা ও দরপত্র সমূহ যাচাই করা হইবে।

২। আগ্রহী দরপত্র দাতাগণকে **প্রধান বৈজ্ঞানিক কর্মকর্তা, ফল গবেষণা কেন্দ্র, বিএআরআই, বিনোদপুর, রাজশাহী-এর অনুকূলে** লিচু ফলের জন্য ২০,০০০/- (বিশ হাজার) টাকা এবং আম ফলের জন্য ২৫,০০০/- (পঁচিশ হাজার) টাকা মাত্র মূল্যের (ফেরত যোগ্য) ব্যাংক ড্রাফট বাংলাদেশের যে কোন বানিজ্যিক ব্যাংক হইতে জামানত হিসাবে (ফেরত যোগ্য) দরপত্রের সহিত জমা দিতে হইবে। অন্যথায় দরপত্র বাতিল বলিয়া গন্য হইবে।

৩। আম ও লিচু ফলকরের জন্য পৃথক পৃথক দরপত্র সমুহ ফল গবেষণা কেন্দ্র হইতে সরবরাহকৃত নির্ধারিত সিডিউল-এ জমা দিতে হইবে এবং উহার সহিত সিডিউল ক্রয়ের রশিদ সংযুক্ত করিতে হইবে। অন্যথায় দরপত্র বাতিল বলিয়া গন্য হইবে।

৪। দরপত্রে বিক্রয়ের আওতাভুক্ত গাছের মোট উদ্ধৃত মূল্য অংকে ও কথায় পরিস্কার ভাষায় লিখিতে হইবে। গাছের একক মূল্য গ্রহন যোগ্য নহে। অংকে ও কথায় কোন পার্থক্য বা গরমিল থাকিলে উহা সরাসরি বাতিল বলিয়া গন্য হইবে।

৫। টেন্ডার সিডিউলে টেন্ডারদাতার নামের স্থানে অবশ্যই নিজ স্বাক্ষর করিতে হইবে। অন্যথায় দরপত্র বাতিল বলিয়া গন্য হইবে।

অপর পৃষ্ঠায় দ্রঃ

৬। অফিস চলাকালীন সময়ে প্রতিদিন (ছুটির দিন ব্যতীত) সকাল ৯.০০ ঘটিকা হইতে দুপুর ১.০০ ঘটিকা পর্যন্ত বাগান দেখা যাইবে।

৭। দরপত্র খোলার পরবর্তী ০৩ (তিন) কার্যদিবসের মধ্যে দরপত্র পরিষদের সিদ্ধান্ত ঘোষণা করা হইবে।

৮। কৃতকার্য দরপত্রদাতাকে কার্যাদেশ প্রাপ্তির পরবর্তী ০৩ (তিন) কার্যদিবসের মধ্যে প্রদত্ত মূল্যের সমুদয় টাকা পরিশোধ করিতে হইবে। অন্যথায় দরপত্র বাতিল বলিয়া গন্য হইবে এবং জামানতের টাকা বাজেয়াপ্ত হইয়া সরকারী তহবিলে জমা হইবে। **(টাকা পরিশোধের ক্ষেত্রে কিস্তি বা আংশিক বা অন্যকোন শর্ত গ্রহণযোগ্য হইবে না এবং কোন ক্রমেই টাকা জমাদানের জন্য নির্ধারিত সময়সীমা বৃদ্ধি করা হইবে না)।**

০৯। গৃহিত দরপত্রদাতাকে মূল্য পরিশোধের সময় সরকারী নিয়মানুযায়ী প্রদত্ত মুল্যের উপর ১৫% ভ্যাট এবং ৫% আয়কর অতিরিক্ত হিসাবে প্রদান করিতে হইবে।

১০। গবেষণা কেন্দ্রের ২ নং ব্লকের লিচু বাগানের **৯৭টি গাছের মধ্যে লাল রঙের X চিহ্নিত ১৮টি লিচুগাছ গবেষণা কাজের জন্য বিক্রয় বহির্ভূত রেখে অবশিষ্ট ৭৯টি লিচু** গাছের ফলকর (সবগুলো গাছে ফল আছে এমন নহে) এই টেন্ডারের অর্ন্তভূক্ত থাকবে। এছাড়া কেন্দ্রের অন্যান্য লিচু গাছের ফল বিক্রি বহির্ভূত থাকবে।

১১। গবেষণা কেন্দ্রের ৪ নং ব্লকের পুরাতন আম বাগানের **৬০টি গাছের মধ্যে লাল রঙের X চিহ্নিত ০৬টি আমগাছ গবেষণা কাজের জন্য বিক্রয় বহির্ভূত রেখে অবশিষ্ট ৫৪টি আম** গাছের ফলকর এই টেন্ডারের অর্ন্তভূক্ত থাকবে। এছাড়া কেন্দ্রের অন্যান্য আম গাছের ফল বিক্রি বহির্ভূত থাকবে।

১২। অকৃতকার্য দরপত্র দাতার জামানতের ব্যাংক ড্রাফট সিদ্ধান্ত ঘোষনার পর ফেরত দেওয়া হইবে। তবে ২য় ও ৩য় সর্বোচ্চ দরপত্রদাতার ব্যাংক ড্রাফট কৃতকার্য ১ম সর্বোচ্চ দরপত্রদাতার নির্ধারিত সময়ে টাকা জমা দেওয়া সাপেক্ষে অথবা টেন্ডার কমিটির সিদ্ধান্ত অনুযায়ী ফেরত দেওয়া হইবে এবং কৃতকার্য দরপত্রদাতার ব্যাংক ড্রাফট লিচু/আম নামানো সম্পন্ন না হওয়া পর্যন্ত নিরাপত্তা জামানত হিসাবে অত্র কেন্দ্রের দপ্তরে জমা থাকিবে। সন্তোষজনকভাবে এবং শর্তাদি সমূহ দায়িত্বের সঙ্গে পালন সাপেক্ষে ব্যাংক ড্রাফট ফেরত দেওয়া হইবে।

১৩। কৃতকার্য দরপত্রদাতা সমুদয় টাকা জমা দেওয়ার পর বাগান বুঝিয়া লইয়া নিজ দায়িত্বে ও নিজ খরচে লিচু/আম বাগান পরিচর্যা, পাহারা ও লিচু/আম সংগ্রহের ব্যবস্থা করিবেন।

১৪। লিচু/আম গাছের লিচু/আম ফল সংগ্রহের সময় যথাযথ সাবধানতা অবলম্বন করিতে হইবে যেন গাছের ডাল অযৌক্তিক ও অপ্রয়োজনীয়ভাবে ভাঙ্গা না হয়। লিচু/আম সংগ্রহের ক্ষেত্রে শুধুমাত্র লিচুফল/আমফল সংগ্রহ ও বিক্রয় করা যাইবে, ভাঙ্গাডাল সংগ্রহ বা বিক্রয় করা যাইবে না। লিচু/আম গাছের ভাঙ্গা ডাল কেন্দ্রের সম্পত্তি হিসাবে গন্য হইবে।

১৫। কৃতকার্য দরপত্র দাতা বা তাহার প্রতিনিধিগণ কেন্দ্রে প্রবেশের পূর্বে কেন্দ্র কর্তৃক ইস্যুকৃত প্রবেশপত্র সংগ্রহ করে বাগানে প্রবেশ করিবেন। এছাড়া কৃতকার্য দরপত্র দাতা কর্তক নিয়ুক্ত বাগান পাহারাদার এর একটি তালিকা কর্তৃপক্ষের নিকট জমা প্রদান করিবেন। কেন্দ্রের স্থাবর অস্থাবর কোন সম্পত্তির ক্ষতি সাধন কিংবা কেন্দ্রের মধ্যে অসামাজিক বা আইন-শৃংখলা পরিপন্থি কোন কাজ করিতে পারিবেন না। ক্রেতা কর্তৃক কেন্দ্রের কোন ক্ষয়-ক্ষতি হইলে ক্রেতা তাঁহার ক্ষতি পুরন দিতে বাধ্য থাকিবেন। ক্ষতিপুরণের ক্ষেত্রে কর্তৃপক্ষের সিদ্ধান্তই চুড়ান্ত বলিয়া গণ্য হইবে।

১৬। **মূল্য উপর্যুক্ত বিবেচিত না হইলে এবং অনিবার্য কোন কারন বশতঃ দরপত্র কমিটি কোন কারণ না দর্শাইয়া যে কোন বা সকল দরপত্র বাতিল বা স্থগিত করিবার ক্ষমতা সংরক্ষন করেন।**

02/08/2024

(ড. মোঃ শফিকুল ইসলাম)
MIS ID: BARI0222
প্রধান বৈজ্ঞানিক কর্মকর্তা
ফল গবেষণা কেন্দ্র, বিনোদপুর, রাজশাহী।

স্মারক নং-১২.২১.৫০৮১.০৫৫.০৬.০০১.২৪.৪২৬০ তারিখঃ 02/08/2024খ্রি.

02/08/24

সদয় অবগতি ও বহুল প্রচারের নিমিত্তে প্রেরিত হইলঃ **(জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)**

০১। মাননীয় মেয়র, রাজশাহী সিটি কর্পোরেশন, রাজশাহী।
০২। জেলা প্রশাসক, রাজশাহী।
০৩। মহাপরিচালক, বিএআরআই, জয়দেবপুর, গাজীপুর।
০৪। পরিচালক (গবেষণা/সেবা ও সরবরাহ/উদ্যানতত্ত্ব), বিএআরআই, জয়দেবপুর, গাজীপুর।
০৫। পরিচালক ডাল গবেষণা কেন্দ্র ও আঞ্চলিক কৃষি গবেষণা কেন্দ্র, বিএআরআই, ঈশ্বরদী, পাবনা।
০৬। পরিচালক, বিজ্ঞান ও শিল্প গবেষণা পরিষদ, রাজশাহী।
০৭। মুখ্য বৈজ্ঞানিক কর্মকর্তা, আঞ্চলিক উদ্যানতত্ত্ব গবেষণা কেন্দ্র, বিএআরআই, চাঁপাইনবাবগঞ্জ।
০৮। মুখ্য বৈজ্ঞানিক কর্মকর্তা, ব্রি আঞ্চলিক কার্যালয়, শ্যামপুর, রাজশাহী।
০৯। মেট্রোপলিটন পুলিশ কমিশনার, রাজশাহী।
১০। প্রধান বৈজ্ঞানিক কর্মকর্তা, সরেজমিন গবেষণা বিভাগ, রাজশাহী অঞ্চল-১, বিএআরআই ,শ্যামপুর, রাজশাহী।
১১। প্রধান বৈজ্ঞানিক কর্মকর্তা, আঞ্চলিক কেন্দ্র, বাংলাদেশ গম ও ভূট্টা গবেষণা ইনস্টিটিউট, শ্যামপুর, রাজশাহী।
১২। প্রধান বৈজ্ঞানিক কর্মকর্তা, মৃত্তিকা সম্পদ উন্নয়ন ইনস্টিটিউট, শ্যামপুর, রাজশাহী।
১৩। উপ-পরিচালক, কৃষি সম্প্রসারণ অধিদপ্তর, রাজশাহী/চাঁপাইনবাবগঞ্জ/নাটোর।
১৪। উর্ধ্বতন বৈজ্ঞানিক কর্মকর্তা, সরেজমিন গবেষণা বিভাগ, বরেন্দ্র কেন্দ্র, বিএআরআই, সেনানিবাস রোড, উপশহর, রাজশাহী।
১৫। আঞ্চলিক কৃষি তথ্য কর্মকর্তা, কৃষি তথ্য সার্ভিস, রাজশাহী।
১৬। ওয়ার্ড কাউন্সিলর, ৩০ নং ওয়ার্ড, রাজশাহী সিটি কর্পোরেশন, রাজশাহী।
১৭। পোষ্ট মাষ্টার, পোষ্ট অফিস, শ্যামপুর/বিনোদপুর, রাজশাহী।
১৮। আহবায়ক ও সকল সদস্য, টেন্ডার কমিটি ---------------------------------------
১৯। নোটিশ বোর্ড/ সংশ্লিষ্ট নথি, ফল গবেষণা কেন্দ্র, বিএআরআই, বিনোদপুর, রাজশাহী।